দৈনিক খবর

তারিখ 13 SEP 1993
পৃষ্ঠা ... কলাম ...

# আজ বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতীক অনশন

।। স্টাফরিপোর্টার ।।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ওপর হামলাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে আজ সোমবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা

২-এর পাতা ৩য় কঃ দেখুন

## আজ বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

অনশন ধর্মঘট পালন করবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত এ প্রতীক অনশন চলবে।

গত ২৯শে জুলাই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রদলের দুষ্কৃতকারীরা ক্যাম্পাসে ব্যাপক ভাঙচুর ও শিক্ষকদের ওপর হামলা চালালে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহবানে বিভিন্ন আন্দোলন কর্মসূচী গ্রহণ ও পালিত হচ্ছে।

এদিকে হামলাকারীদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ এনে সন্ত্রাস দমন অধ্যাদেশে ২১ জনের বিরুদ্ধে মামলা দায়ের হলেও দেড় মাসে মাত্র ছ'জন আসামী গ্রেফতার হয়েছে। শিক্ষকরা আজ সন্ত্রাসীদের গ্রেফতারের দাবীতে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করবেন বলে জানা গেছে।